

সংবাদ বিজ্ঞপ্তি

কুমিল্লা বার্ডে 'ফাইনালাইজিং এটিএফ সাব-প্রজেক্ট  
প্রপোজাল' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ওয়ার্কশপ অন 'ফাইনালাইজিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারি ২০২৫) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লায় অনুষ্ঠিত কর্মশালার সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ হানিফ মুরাদ ও মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব (উপ-সচিব) জনাব মোঃ আবু ওয়াদুদ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন আজকের এ কর্মশালায় আমাদের শিক্ষকদের অংশগ্রহণ খুবই সন্তোষজনক। এই কর্মশালার মাধ্যমে প্রজেক্ট প্রপোজালের ক্ষেত্রে আমাদের বিশ্ববিদ্যালয়ের সম্ভাবনা তৈরি হচ্ছে। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে উন্নয়ন ত্বরান্বিত হবে। কর্মশালায় যারা কি-নোট স্পিকার রয়েছেন তাদের অভিজ্ঞতা সামগ্রিক বিষয়ে আপনাদের একটি স্বচ্ছ ধারণা দেবে। এর মাধ্যমে আমরা উল্লেখযোগ্য সংখ্যক প্রজেক্ট নিয়ে আসতে পারবো এই প্রত্যাশা করি।

কর্মশালায় কি-নোট স্পিকার হিসেবে ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম জাকির সাদুল্লাহ খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের অধ্যাপক ড. এম মনিরুল ইসলাম ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু লায়েক। এতে প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আবদুল কাইয়ুম মাসুদ।

প্রসঙ্গত, দুই দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪